# প্রশ্ন ব্যাংক
# শ্রেণি:১০ম
# পৌরনীতি

## প্রথম অধ্যায়
### পৌরনীতি ও নাগরিকতা

১.রমজান সাহেবের স্ত্রী ও একমাত্র সন্তান মিশুকে নিয়ে তার পরিবার। তিনি মিশুকে উচ্চ শিক্ষায় শিক্ষিত করে গড়ে তোলার জন্য একটি ভালো স্কুলে ভর্তি করেছেন এবং বাসায় ঠিকমতো পড়াশোনার তদারকি করেন। তাঁর স্ত্রী ছেলেকে প্রতিদিন স্কুলে পৌঁছে দেন এবং ছুটি হলে সাথে করে বাসায় নিয়ে আসেন। তিনি ছুটির দিনে পরিবার পরিজন নিয়ে বেড়াতে যান।

ক. রাষ্ট্রের সর্বোচ্চ ক্ষমতা কী? ১
খ. পরিবারের অর্থনৈতিক কাজ ব্যাখ্যা কর। ২
গ. রমজান সাহেবের স্ত্রী পরিবারের কোন কাজটি সম্পন্ন করছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. রমজান সাহেবের ছুটির দিনে পরিবার পরিজন নিয়ে বেড়ানোর যথার্থতা মূল্যায়ন কর। ৪

২.মিমি তার বাবা-মার সাথে ঢাকার মিরপুরে থাকে। মিমির বাবা তাদের পরিবারের প্রধান ও তার ক্ষমতা, কর্তৃত্বে সব কাজ করা হয়। কিন্তু রনির পরিবারে তার মা প্রধান এবং তার পিতার তুলনায় মা বেশি ক্ষমতার অধিকারী।

ক. কখন সমাজ গড়ে ওঠে? ১
খ. সমাজের সাথে মানুষের সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের পরিবারগুলোর বর্ণনা দাও। ৩
ঘ. তুমি কি মনে কর রনির পরিবারের মতো পরিবার বাংলাদেশে খুব কম? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৩.আরিফ সামান্য চায়ের দোকানদার। তার পরিবারে স্ত্রী, সন্তান ছাড়াও রয়েছে মা-বাবা, ভাই-বোন। সন্তানদের লেখাপড়ার খরচ চালাতে তাকে বেশ বেগ পেতে হয়। আরিফের বন্ধু হারুন সরকারি চাকরি পেয়ে গ্রাম ছেড়ে শহরে গিয়ে একমাত্র সন্তান ও স্ত্রীকে নিয়ে বসবাস করছে।

ক. কোনটিকে সভ্য জীবনযাপনের একটি আদর্শ স্থান বলা হয়?১
খ. পরিবারের অদৃশ্যমান গুরুত্বপূর্ণ কাজটি ব্যাখ্যা কর।২
গ. আরিফ কোন ধরনের পরিবারের সদস্য তা বর্ণনা কর। ৩
ঘ. 'হারুন যে ধরনের পরিবারে বাস করে তা বর্তমান যুগের প্রত্যাশা'- যুক্তিসহ বিশ্লেষণ কর।৪

৪.রিয়াদ নবম শ্রেণির শিক্ষার্থী। তার প্রথম দিনের ক্লাসে শিক্ষক সুনাগরিকের গুণাবলি, নাগরিকের অধিকার ও কর্তব্য প্রভৃতির ওপর আলোচনা করছিলেন। ক্লাস শেষে রিয়াদের মনে হলো একজন নাগরিক হিসেবে প্রত্যেকেরই এই বিষয়ে জ্ঞান থাকা দরকার।

ক. একক পরিবার কাকে বলে? ১
খ. রাষ্ট্রের গুরুত্বপূর্ণ উপাদান কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের শিক্ষক কোন বিষয় পড়াচ্ছিলেন? ব্যাখ্যা কর।৩
ঘ. রিয়াদের মতো তুমিও কি মনে কর যে, নাগরিক হিসেবে প্রত্যেকেরই এই বিষয়ে জ্ঞান থাকা দরকার? মতামত দাও। ৪

## দ্বিতীয় অধ্যায়
### নাগরিক ও নাগরিকতা

৫.পিয়ুশ চক্রবর্তী কম্পিউটার ইঞ্জিনিয়ারিং পাস করে কানাডা চলে যান। তিনি কানাডার ভাষা শিখে সরকারি চাকরিতে যোগদান করে সততার পরিচয় দেন। তার আবেদনের প্রেক্ষিতে কানাডার সরকার তাকে নাগরিকত্ব প্রদান করে। বাংলাদেশ থেকে কানাডায় বিমানে যাওয়ার পথে কানাডার আকাশ সীমার মধ্যে তাঁর স্ত্রীর রাহুল নামে একটি পুত্র সন্তানের জন্ম হয়।

ক. বাংলাদেশের জাতীয় সংসদ কর্তৃক গৃহীত তথ্য অধিকার আইনটি কত তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করে?
খ. নাগরিকের অধিকার বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।
গ. রাহুল কোন দেশের নাগরিক হবে? ব্যাখ্যা কর।
ঘ. পিয়ুশ চক্রবর্তী কী শুধু কানাডারই নাগরিক? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও।

৬.ইমতিয়াজ উচ্চ শিক্ষার জন্য যুক্তরাষ্ট্রে গমন করেন। শিক্ষা শেষ করে তিনি সে দেশের এক নাগরিককে বিবাহ করেন। তিনি যুক্তরাষ্ট্রে ব্যবসা শুরু করেন এবং নিয়মিত ও সময়মত কর প্রদান করেন।

ক. নাগরিকতা অর্জনের কয়টি পদ্ধতি রয়েছে? ১
খ. দ্বৈত নাগরিকতা বলতে কী বোঝায়? ২
গ. ইমতিয়াজ কোন সূত্রে যুক্তরাষ্ট্রের নাগরিকতা লাভ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. "ইমতিয়াজের সময়মতো কর প্রদান সুনাগরিকের একটি বিশেষ গুণকে নির্দেশ করে"-উক্তিটি মূল্যায়ন কর। ৪

৭.উমেসিং, মিলিপ্রু ও তাদের দুই বান্ধবী বিদ্যালয়ে আসার রাস্তার মাঝখানে একটি গর্ত দেখে। উমেসিং তা নিজেদের উদ্যোগে মেরামত করার কথা বললে, মিলিপ্রু বলে এটা আমাদের কাজ নয়। সুতরাং এ নিয়ে আমাদের মাথা না ঘামানোই ভালো।

ক. কোথায় প্রথম নাগরিকতার ধারণার উদ্ভব হয়? ১
খ. রাষ্ট্রের নাগরিকদের হতে হবে আত্মসংযমী-ব্যাখ্যা কর।২
গ. উমেসিং ও মিলিপ্রুর মধ্যে কার মনোভাব সুনাগরিকতার পক্ষে? ব্যাখ্যা কর। ৩
ঘ. রাস্তা মেরামতের পক্ষে সুনির্দিষ্ট কর্তৃপক্ষ থাকা সত্ত্বেও উমেসিংয়ের মতো উদ্যোগ দরকার-বিশ্লেষণ কর। ৪

## তৃতীয় অধ্যায়

## আইন, স্বাধীনতা ও সাম্য

৮.জনাব আসিফ চৌধুরী একটি প্রতিষ্ঠানের নির্বাহী কর্মকর্তা। তিনি সততার সাথে নিজ দায়িত্ব পালন করেন। তাঁর অধীনস্ত কর্মচারীগণও প্রতিষ্ঠানের নিয়ম-কনুন মেনে স্ব স্ব দায়িত্ব স্বাধীনভাবে সম্পন্ন করেন।

ক. আইনের উৎস কয়টি? ১

খ. স্বাধীনতা বলতে কী বোঝায়? ২

গ. জনাব আসিফ চৌধুরীর আইনের অনুশাসন মেনে চলার পেছনে কী কী ধারণা কাজ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ."জনাব আসিফ চৌধুরীর প্রতিষ্ঠানে আইন ও স্বাধীনতার সমন্বয় ঘটেছে" –তুমি কি উক্তিটির সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯.বান্দরবান সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে জাতি, ধর্ম, বর্ণের কোনো ভেদাভেদ নেই। নেই ধনী দরিদ্রের পার্থক্য। শিক্ষার্থীদের অন্যায়ের বিচারে পিতামাতার সামাজিক অবস্থা বিবেচনা করা হয় না। এখানকার শিক্ষক, শিক্ষিকা ও পরিচালনা পর্ষদ শিক্ষার্থীদের প্রতি খুবই যত্নশীল। তাই প্রতিবছর স্কুলটির ফলাফল হয় খুবই সন্তোষজনক।

ক. ব্ল্যাকস্টোনের আইন বিষয়ক গ্রন্থটির নাম কী? ১

খ. আইনের শাসন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে সাম্যের কোন রূপগুলো প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.শিক্ষার্থীরা কি কেবল উদ্দীপকে উল্লিখিত সাম্যগুলোই ভোগ করে? মতামত দাও।৪

১০.শেফালী বেগম একজন দরিদ্র বিধবা নারী। সংসার চালানোর জন্য তিনি তার আধাবিঘা কৃষি জমি স্থানীয় মেম্বারের কাছে দশ হাজার টাকায় বন্ধক রাখেন। দুই বছর পর তিনি জমি ফেরত নিতে গেলে মেম্বার তাকে জানান, তিনি ৫০,০০০ টাকা দিয়ে জমি কিনে নিয়েছেন। এদিকে মেম্বার ঘুষ দিয়ে থানার পুলিশকেও হাত করে নেন। ফলে শেফালী বেগম থানায় মামলা করতে গেলে পুলিশ মামলা নিতে অস্বীকৃতি জানায়।

ক. কোন স্বাধীনতার মাধ্যমে ব্যক্তি রাষ্ট্রীয় শাসনকাজে অংশগ্রহণের সুযোগ লাভ করে? ১

খ. 'সাম্য মানে স্বাধীনতা এবং স্বাধীনতা মানেই সাম্য'-উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. শেফালী বেগমের ক্ষেত্রে যে বিষয়টির অভাব পরিলক্ষিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উক্ত বিষয়টির অভাবে সমাজে অনাচার, অরাজকতা বৃদ্ধি পায়'- উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

## চতুর্থ অধ্যায়

## রাষ্ট্র ও সরকারব্যবস্থা

১১.চীনের দক্ষিণের এক পাহাড়ি অঞ্চলে প্রায় দুই লক্ষ লোকের বাস। তাদের একটি শাসনব্যবস্থাও রয়েছে যার প্রতি তারা অনুগত। কিন্তু তারা চীনের নিয়ন্ত্রণাধীন। তাদের শাসনব্যবস্থা পরিচালনাকারী কর্তৃপক্ষ চীনের প্রতি অনুগত থাকতে বাধ্য।

ক. রাষ্ট্রপতি শাসিত সরকারব্যবস্থায় কার সন্তুষ্টির ওপর মন্ত্রীদের কার্যকাল নির্ভর করে? ১

খ. সমাজতান্ত্রিক রাষ্ট্রে বিরোধী মতপ্রচারের সুযোগ থাকে না কেন? ২

গ. উদ্দীপকের পাহাড়ি অঞ্চলের পরিচালনাকারী কর্তৃপক্ষ রাষ্ট্রের কোন উপাদান নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত উপাদানের সাথে রাষ্ট্রের মৌলিক পার্থক্যসমূহ নিরূপণ কর। ৪

১২.'ঢ' দেশটি গণতান্ত্রিক একটি দেশ। কিন্তু নির্দিষ্ট সময়ের পূর্বেই গণতান্ত্রিক সরকারের পতনের আন্দোলন শুরু হয়। আন্দোলন চরম আকার ধারণ করলে দেশের সুযোগসন্ধানী সেনাবাহিনী গণতান্ত্রিক সরকারকে সরিয়ে ক্ষমতা দখল করে।

ক. মন্ত্রিপরিষদ শাসিত বা সংসদীয় পদ্ধতির সরকার কাকে বলে? ১

খ. গণতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থায় ঘন ঘন নীতির পরিবর্তন হয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'ঢ' দেশে জনগণের মধ্যে কীসের অভাব রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'ঢ' দেশটিতে গণতন্ত্র সফল করার জন্য কী কী উপায় গ্রহণ করতে হবে? পাঠ্যবইয়ের আলোকে মতামত দাও। ৪

১৩.মেহেরানের দেশটিতে নির্দিষ্ট সময় অন্তর অন্তর সরকার গঠনের জন্য নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে অনেক রাজনৈতিক দল অংশগ্রহণ করে। মেহেরানরা সরকার গঠনের জন্য স্বতঃস্ফূর্তভাবে নির্বাচনে অংশগ্রহণ করে। এভাবে মেহেরান রাষ্ট্র পরিচালনায় অংশগ্রহণ করে।

ক. সংসদীয় সরকার কীসের দ্বারা পরিচালিত হয়? ১

খ. গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থায় নির্বাচনে অর্থের অপচয় হয় কীভাবে? ২

গ. মেহেরানদের দেশটিকে ক্ষমতার উৎসের ভিত্তিতে কী ধরনের রাষ্ট্র বলা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত রাষ্ট্রব্যবস্থার গুণগুলো তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

## পঞ্চম অধ্যায়


## সংবিধান

১৪.একই ভাষা, সংস্কৃতি, অর্থনৈতিক ক্ষমতা এবং ধর্মীয় নিরপেক্ষতার ভিত্তিতে 'ক' রাষ্ট্রের সংবিধান রচনা করা হলো। এ রাষ্ট্রের সংবিধানে রাষ্ট্রের সকল কাজে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করা হয়েছে। উক্ত রাষ্ট্রের আইনসভায় একটি বিল পাসের ব্যাপারে আইনসভার মোট ২১০ জন সদস্যের মধ্যে ১৪০ জনের সম্মতি না থাকায় বিলটি বাতিল হয়ে যায়।

ক. বাংলাদেশের সংবিধান কত তারিখে কার্যকর হয়?

খ. অলিখিত সংবিধান বলতে কী বোঝায়?
গ. সংশোধনের ভিত্তিতে ‘ক’ রাষ্ট্রের সংবিধান কোন শ্রেণির? ব্যাখ্যা কর।
ঘ. ‘ক’ রাষ্ট্রের সংবিধানে বাংলাদেশের সংবিধানের বৈশিষ্ট্যের প্রতিফলন লক্ষ করা যায়– বিশ্লেষণ কর।

১৫.




ক. সংবিধানের কোন সংশোধনীর মাধ্যমে রাষ্ট্রপতিকে প্রধানমন্ত্রীর পরামর্শক্রমে ‘জরুরি অবস্থা’ ঘোষণার ক্ষমতা দেওয়া হয়? ১
খ. সংবিধানের পঞ্চদশ সংশোধনী সম্পর্কে লেখ। ২
গ. ছকে ইঙ্গিতকৃত বিষয়টি সম্পর্কে ব্যাখ্যা কর। ৩
ঘ. অনুমোদনের মাধ্যমে উক্ত বিষয়টি প্রণীত হতে পারে- মন্তব্যটি প্রমাণ কর। ৪

১৬.বাংলাদেশ স্বাধীন হওয়ার পর সংবিধান রচনার জন্য একটি কমিটি গঠন করা হয়। এ কমিটির প্রধান ছিলেন তৎকালীন আইনমন্ত্রী ড. কামাল হোসেন। এ কমিটি অক্লান্ত পরিশ্রম করে একটি খসড়া সংবিধান প্রণয়ন করে। পরে গণপরিষদে সদস্যদের পক্ষে-বিপক্ষে মতামত প্রদানের পর পরিমার্জিত হয়ে তা গৃহীত ও কার্যকর হয়।
ক. রাষ্ট্র পরিচালনার মৌলিক দলিল কোনটি? ১
খ. এককেন্দ্রিক রাষ্ট্র বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন পদ্ধতিতে বাংলাদেশের সংবিধান প্রণয়নের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ‘সংবিধান প্রণয়নে উক্ত পদ্ধতিই একমাত্র পদ্ধতি।’ তুমি কি বক্তব্যটি সমর্থন কর? মতের পক্ষে যুক্তি দাও। ৪

## ষষ্ঠ অধ্যায়

## বাংলাদেশের সরকারব্যবস্থা

১৭. জনাব হাসান জাকির মাঠ প্রশাসনের দ্বিতীয় পর্যায়ের প্রধান কর্মকর্তা। তিনি ভূমি উন্নয়নসহ ভূমিসংক্রান্ত যাবতীয় কাজ করে থাকেন। তার নেতৃত্বেই ভূমির খাজনা আদায় করা হয়। এছাড়া তিনি করসংক্রান্ত বিরোধ মীমাংসা করে থাকেন। কর্মকাণ্ডের ব্যাপকতার জন্য তাকে তার প্রশাসনের মূল স্তম্ভ বলা হয়।
ক. মন্ত্রণালয়ের প্রধান প্রশাসনিক কর্মকর্তা কে? ১
খ. রাষ্ট্রপতির আইনসংক্রান্ত কাজ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত কাজটি জনাব হাসান জাকিরের প্রশাসনের কোন ধরনের কাজ? ব্যাখ্যা কর। ৩
ঘ. ‘উদ্দীপকে বর্ণিত কাজটি ছাড়াও জনাব হাসান জাকির আরও অনেক গুরুত্বপূর্ণ কাজ করেন’ উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

১৮.মি. 'অ' শাসনবিভাগের সর্বোচ্চ ব্যক্তি এবং আলঙ্কারিক প্রধান। সরকারের সকল শাসন সংক্রান্ত কাজ তার নামে পরিচালিত হয় এবং তিনি দেশের গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডে নানা পরামর্শ প্রদান করে থাকেন।
ক. জাতীয় স্বার্থের রক্ষক কে? ১
খ. দেশের সার্বভৌমত্ব ও নিরাপত্তা রক্ষা মন্ত্রিপরিষদের গুরুত্বপূর্ণ দায়িত্ব- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের উল্লিখিত অ ব্যক্তি কীভাবে নির্বাচিত হন? বর্ণনা কর। ৩
ঘ. ‘দেশের গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডে পরামর্শ প্রদান করাই তার

১৯.শিল্পীদের পরিবার একটি যৌথ পরিবার। এ পরিবারের প্রধান হলেন শিল্পীর দাদা মোজাম্মেল হক। তাকে সবাই সম্মান ও শ্রদ্ধা করেন। কিন্তু তাদের পরিবারের সকল কার্যাবলি পরিচালনা করেন তার বাবা আমজাদ হোসেন। তার আদেশেই পরিবারের সদস্যরা তাদের কার্যাবলি সম্পাদন করে থাকেন।
ক. বাংলাদেশের সরকার প্রধান কে? ১
খ. বাংলাদেশের সরকার ব্যবস্থা কেমন? ব্যাখ্যা কর। ২
গ. শিল্পীর দাদা বাংলাদেশের সরকারব্যবস্থায় কার প্রতিনিধিত্ব করছে? তার স্বরূপ তুলে ধর।৩
ঘ. শিল্পীদের পরিবারটি বাংলাদেশের শাসন বিভাগের

## নবম অধ্যায়

## নাগরিক সমস্যা ও আমাদের করণীয়

২০.সুমি বাবা-মায়ের খুব আদরের মেয়ে। দরিদ্রতার কারণে সে লেখাপড়া করতে পারেনি এবং ১৮ বছর বয়সেই তাকে বিয়ে দেওয়া হয়। প্রথমত, বিয়ের সময় স্বামীকে যে টাকাপয়সা দেওয়ার কথা ছিল তা না দিতে পারায় শ্বশুরবাড়ির লোকজন তার সাথে খারাপ আচরণ করতে থাকে। এ অবস্থার প্রেক্ষিতে সুমি সেলাইর কাজ করে একপর্যায়ে পরিবারের সচ্ছলতা ফিরিয়ে আনলে তাঁর স্বামী তার প্রতি ইতিবাচক মনোভাব পোষণ করেন।
ক. বর্তমানে বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির হার কত?

খ.  খাদ্য নিরাপত্তা কী? ব্যাখ্যা কর।
গ.  সুমির জীবনে প্রথম সমস্যাটি কোন সামাজিক সমস্যাকে চিহ্নিত করে? ব্যাখ্যা কর।
ঘ. সুমির মতো নারীদের এ ধরনের সমস্যা থেকে রক্ষা করতে উদ্দীপকে বর্ণিত তার কাজটি যথেষ্ট প্রভাব ফেলতে পারে– বিশ্লেষণ কর।

২১. জালাল মিয়া পাঁচ কন্যা সন্তানের জনক। সে বড় মেয়ে মিতা ও মেজো মেয়ে রীতাকে এস.এস.সি পাসের পূর্বে বিয়ে দেয়। তার কোনো পুত্র সন্তান না থাকায় সে দ্বিতীয় বিয়ে করে। দ্বিতীয় স্ত্রীর তিন ছেলে ও এক মেয়ে। জালাল মিয়া দুই স্ত্রী ও সন্তানদের নিয়ে কোনো রকমে দিন চালাচ্ছে। অন্যদিকে বড় মেয়ে রীতার একাধিক ছেলে সন্তান হওয়ায় শ্বশুর পরিবারে সকলেই খুশী।
ক.  জনসংখ্যার দিক থেকে পৃথিবীতে বাংলাদেশের স্থান কত? ১
খ.  নিরক্ষরতা বলতে কী বোঝায়? ২
গ.  উদ্দীপকের আলোচনায় বাংলাদেশের নাগরিক সমস্যার কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সমস্যাটির সমাধানে কী কী পদক্ষেপ গ্রহণ করা যায়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২২.নিরক্ষর গণি মিয়া তার ষোলো বছরের কন্যা আমেনাকে বিয়ে দেন পাশের গ্রামের দিনমজুর সুমন মিয়ার সাথে। গণি মিয়ার প্রতিবেশী সাজিদ মিয়া লোক-লজ্জার ভয়ে তার সতেরো বছরের মেয়ে রহিমাকে বিয়ে দেন গণি মিয়ার ছেলে গফুরের সাথে।
ক.  ২০০০ সাল পর্যন্ত বাংলাদেশের কত শতাংশ মানুষ চরম দারিদ্র্যসীমার নিচে বাস করত? ১
খ.  জনসংখ্যা পুনর্বণ্টন বলতে কী বোঝায়? ২
গ.  গণি মিয়ার মেয়ে আমেনাকে বিয়ে দেওয়া জনসংখ্যা বৃদ্ধির কোন কারণটিকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে উল্লিখিত চিত্রটি আমাদের গ্রামীণ সমাজেরই প্রতিচ্ছবি।"–তুমি কি উক্তিটির সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪